গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ন্যাশনাল প্রোডাকটিভিটি অর্গানাইজেশন
শিল্প মন্ত্রণালয়
৯১, মতিঝিল বা/এ, ঢাকা।
www.npo.gov.bd

জাতীয় উৎপাদনশীলতা কার্যনির্বাহী কমিটির ২০ তম সভার কার্যবিবরণী

সভাপতি	:	**কে এম আলী আজম** সচিব, শিল্প মন্ত্রণালয়
তারিখ	:	২০ জুন ২০২০ খ্রি.
সময়	:	সকাল ১১.০০ টা
স্থান	:	ভার্চুয়াল সভা
উপস্থিতি	:	পরিশিষ্ট-ক

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে ভার্চুয়াল সভার কার্যক্রম শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে জনাব নিশ্চিন্ত কুমার পোদ্দার, পরিচালক, এনপিও জাতীয় উৎপাদনশীলতা কার্য-নির্বাহী কমিটির কার্যপত্র সভায় উপস্থাপন করেন। অতঃপর সভায় আলোচ্যসূচি ভিত্তিক নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয় :

ক্র. নং	আলোচ্যসূচি	আলোচনা	সভার সিদ্ধান্ত	বাস্তবায়ন
১	**বিগত সভার কার্যবিবরণী নিশ্চিতকরণ**	গত ২৩ ফেব্রুয়ারি, ২০২০ খ্রি. তারিখে অনুষ্ঠিত ১৯তম সভার কার্য-বিবরণীর সংশোধনীর বিষয়ে মতামত আহবান করা হয়। এতে কোন সংশোধনী না থাকায় কার্য-বিবরণীটি দৃঢ় করা যেতে পারে মর্মে সকলে মত পোষণ করেন।	বিগত ১৯তম সভার কার্যবিবরণী দৃঢ় করা হয়।	
২	**এনপিও দপ্তরের আপগ্রেডেশন ও আঞ্চলিক অফিস স্থাপন সংক্রান্ত**	সভায় জানানো হয় যে, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়ের চাহিদা মোতাবেক এনপিও'র খসড়া নিয়োগবিধি প্রস্তুত করে গত ২৫/০৩/২০২০ তারিখে মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে। এছাড়াও প্রশাসনিক উন্নয়ন সংক্রান্ত সচিব কমিটিতে সার সংক্ষেপ প্রেরণের লক্ষ্যে মন্ত্রণালয় কর্তৃক চাহিত তথ্যাদি গত ১৯/০২/২০২০ তারিখে প্রেরণ করা হয়েছে। শিল্প মন্ত্রণালয়ের সিনিয়র সহকারী সচিব, বেগম নিলুফার জেসমিন খান বলেন, বাংলাদেশ সচিবালয় (ক্যাডার বহির্ভূত গেজেট কর্মকর্তা এবং নন গেজেট কর্মচারী) নিয়োগ বিধিমালা ২০১৪ এর আলোকে চাকুরীবিধির সাথে সঙ্গতি রেখে এনপিও'র খসড়া নিয়োগবিধি পরীক্ষা করা হয়েছে মর্মে জানান। তিনি আরো বলেন, এনপিও'র খসড়া নিয়োগবিধি ব্যাপক পরীক্ষা নিরিক্ষা করার জন্য মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব (প্রশাসন) এর সভাপতিত্বে গত ১৬-০৬-২০২০ তারিখে একটি সভা আহবান করার সিদ্ধান্ত ছিল। কিন্তু মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব (প্রশাসন) অসুস্থ থাকায় সভাটি করা সম্ভব হয় নাই। সভার সভাপতি উক্ত সভাটি অতিরিক্ত সচিব (স্বস ও আস)কে এনপিও'র আপগ্রেডেশন এর যাবতীয় প্রক্রিয়াটি দ্রুততম সময়ের মধ্যে সম্পন্ন করার পরামর্শ প্রদান করেন। সিনিয়র সহকারী সচিব, বেগম নিলুফার জেসমিন খান আরো জানান যে, অতিশীঘ্রই সারসংক্ষেপ উপস্থাপন করা হবে। সভাপতি এনপিও'র প্রস্তুতকৃত খসড়া প্রবিধানমালা সঠিকভাবে যাচাই-বাছাই করে প্রশাসনিক উন্নয়ন সংক্রান্ত সচিব কমিটিতে সার সংক্ষেপ প্রেরণসহ আপগ্রেডেশনের যাবতীয় কার্যক্রম দ্রুত সময়ের মধ্যে সম্পাদন করার নির্দেশ প্রদান করেন।	এনপিও'র প্রস্তুতকৃত খসড়া প্রবিধানমালা সঠিকভাবে যাচাই-বাছাই করে প্রশাসনিক উন্নয়ন সংক্রান্ত সচিব কমিটিতে সার সংক্ষেপ প্রেরণসহ ডিজি অফিসে রূপান্তরের যাবতীয় কার্যক্রম দ্রুত সময়ের মধ্যে সম্পাদন করতে হবে।	(ক) অতিরিক্ত সচিব (প্রশাসন), শিল্প মন্ত্রণালয় (খ) পরিচালক, এনপিও

৩	এনপিও'র জন্য বরাদ্দকৃত জমিতে ভবন নির্মাণ সংক্রান্ত	পরিচালক, এনপিও সভাকে অবহিত করেন যে, ভবন নির্মান সংক্রান্ত মামলাটি গত ১৩ নভেম্বর, ২০১৯ তারিখে মামলাটির আংশিক শুনানি হয় এবং গত ৪ ও ৫ ডিসেম্বর, ২০১৯ তারিখে মামলাটি শুনানির তালিকায় অন্তর্ভুক্ত ছিল, কিন্তু শুনানি হয়নি। এছাড়াও প্রকল্পের ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে বাস্তবায়ন মেয়াদ জুন ২০২২ (০২ বছর) পর্যন্ত বাড়ানোর প্রস্তাব গত ১১/০২/২০২০ তারিখে পরিকল্পনা কমিশনে প্রেরণ করা হয়েছে এবং এ সংক্রান্ত একটি সভা অনুষ্ঠিত হয়েছে মর্মে সভাকে অবহিত করা হয় । কোভিড-১৯ (করোনা) ভাইরাসের চলমান পরিস্থিতিতে এনপিও'র ভবনের নির্মাণ সংক্রান্ত মামলার কার্যক্রম স্থগিত রয়েছে । কোভিড-১৯(করোনা) ভাইরাস পরবর্তী সময়ে এ্যাটর্নি জেনারেল ও ডেপুটি অ্যাটর্নি জেনারেলের কার্যালয়ের সাথে যোগাযোগ করা হবে । সভাপতি এনপিও পরিচালককে এনপিও'র নিজস্ব ভবন নির্মাণের মামলাটি অনলাইনে অন্তর্ভূক্ত করাসহ অ্যাটর্নি জেনারেলের অফিস ও সংশ্লিষ্টদের সাথে ব্যক্তিগতভাবে যোগাযোগ করার পরামর্শ প্রদান করেন ।	এনপিও'র নিজস্ব ভবন নির্মাণের মামলাটি অনলাইনে অন্তর্ভূক্ত করাসহ অ্যাটর্নি জেনারেলের অফিস ও সংশ্লিষ্টদের সাথে ব্যক্তিগতভাবে যোগাযোগ করে নিষ্পত্তি করতে হবে।	(ক)অতিরিক্ত সচিব (আইন), শিল্প মন্ত্রণালয় (খ) পরিচালক, এনপিও (গ) রেজিস্ট্রার, ডিপিডিটি (ঘ) ব্যবস্থাপনা পরিচালক এসএমই ফাউন্ডেশন
৪	এনপিওকে একটি দক্ষ পেশাদারী প্রতিষ্ঠান হিসেবে গড়ে তোলার লক্ষ্যে কারিগরি প্রকল্প গ্রহণ	এনপিও পরিচালক সভাকে অবহিত করেন যে, পরিকল্পনা কমিশন কর্তৃক "এনপিও'র পেশাজীবী কর্মকর্তাদের সক্ষমতা বৃদ্ধি এবং দেশব্যাপী উৎপাদনশীলতা বিষয় অবহিতকরণ" শীর্ষক প্রকল্পটির অনুমোদিত হয়েছে। শিল্প মন্ত্রণালয় উক্ত প্রকল্প বাস্তবায়নের জন্য প্রশাসনিক অনুমোদন করতঃ জিও জারি করা হয়েছে মর্মে জানান । তিনি আরো জানান প্রকল্পের প্রকল্প পরিচালক নিয়োগের প্রস্তাব মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে । প্রকল্প পরিচালক নিয়োগ কার্যক্রম সম্পন্ন হওয়ার পর প্রকল্প বাস্তবায়নের কার্যক্রম গ্রহণ করা হবে । সভাপতি "এনপিও'র পেশাজীবী কর্মকর্তাদের সক্ষমতা বৃদ্ধি এবং দেশব্যাপী উৎপাদনশীলতা বিষয় অবহিতকরণ" শীর্ষক প্রকল্পটির পিডি নিয়োগসহ যাবতীয় কার্যক্রম দ্রুত সম্পন্নের নির্দেশ প্রদান করেন ।	"এনপিও'র পেশাজীবী কর্মকর্তাদের দক্ষতা বৃদ্ধির লক্ষ্যে "উৎপাদনশীলতা বিষয় অবহিতকরণ" শীর্ষক প্রকল্পটির প্রকল্প পরিচালক নিয়োগসহ যাবতীয় কার্যক্রম দ্রুত সম্পাদন করতে হবে ।	(ক)পরিকল্পনা অনুবিভাগ/প্রশাসন, শিল্প মন্ত্রণালয় (খ)পরিচালক, এনপিও
৫	এপিও কর্তৃক প্রতিষ্ঠান পর্যায়ে প্রদেয় স্বল্প ব্যয় সম্পন্ন আন্তর্জাতিক মানের Technical Expert Service (TES) সেবা গ্রহণ	সভায় জানানো হয় যে, ২০২০ সালে এপিও কর্তৃক Technical Expert Service (TES) সেবা গ্রহণের জন্য সরকারি ও বেসরকারি প্রতিষ্ঠানকে কর্মশালা আয়োজন করার উদ্যোগ গ্রহণ করা হয়েছিল। কিন্তু কোভিড-১৯ (করোনা) ভাইরাস সংক্রমন ঝুঁকি হ্রাসের নিমিত্তে কর্মশালা বাস্তবায়ন করা সম্ভব হয় নি। পরিচালক, এনপিও আরো জানান যে, ২০২০ সালের এপিও'র প্রজেক্ট নটিফিকেশন অনুযায়ী ৭০টি সরকারি ও বেসরকারি প্রতিষ্ঠানে এনপিও হতে পত্র প্রেরণ করা হয়েছে । TES সেবা গ্রহণের জন্য ০৭টি প্রতিষ্টান হতে আবেদন জমা পাওয়া গিয়েছে । এনপিওতে জমাকৃত আবেদন ফরমসমূহ এপিওতে প্রেরণ করা হয়েছে। ২০২০ সালের জন্য এপিও কর্তৃক ২টি Technical Expert Service (TES) অনুমোদন পাওয়া গেছে । শিল্প মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব (স্বস ও আস), মিজ পরাগ বলেন যে, কোভিড-১৯ (করোনা) ভাইরাস মোকাবেলায় অনলাইন বা ভার্চুয়াল পদ্ধতিতে এশিয়ান প্রোডাকটিভিটি অর্গানাইজেশন (এপিও) কর্তৃক যাবতীয় কার্যক্রমসহ বিভিন্ন সভা অনুষ্ঠিত হচ্ছে । তাই Technical Expert Service (TES) সংক্রান্ত কার্যক্রম অনলাইনে করা যায় কিনা সে বিষয়ে যোগাযোগ করার উপর মতামত ব্যক্ত করেন । সভাপতি বলেন যে, কোভিড-১৯ (করোনা) ভাইরাস সংক্রমন ঝুঁকির কারণে বিদেশী বিশেষজ্ঞগণ এসে হাতে-কলমে কাজ সম্পাদন করতে পারবে না । কিন্তু এপিও কর্তৃক যে দুটি Technical Expert Service (TES) সেবা প্রদানের অনুমোদন পাওয়া গেছে তা অনলাইনে সম্পাদন করার পরামর্শ প্রদান করেন ।	২০২০ সালে এপিও কর্তৃক যে দুটি Technical Expert Service (TES) সেবা প্রদানের অনুমোদন পাওয়া গেছে তা অনলাইনে সম্পাদনের জন্য পদক্ষেপ গ্রহণ করতে হবে ।	পরিচালক, এনপিও

৬	**সেক্টর এবং সাব সেক্টরের Need Base কর্মসূচি গ্রহণ ও বিভিন্ন ট্রেডবডি এবং এনপিও'র মেমোরেন্ডাম অফ আন্ডারস্ট্যান্ডিং স্বাক্ষর**	সভায় জানানো হয় যে, শিল্প সচিব মহোদয়ের উপস্থিতিতে গত ০৭/১১/২০১৯ তারিখে এনপিও'র এবং ঢাকা চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাষ্ট্রিজ এর সাথে সমঝোতা স্মারক স্বাক্ষরিত হয়েছে। পরিচালক, এনপিও আরো বলেন যে, বাংলাদেশ চেম্বার অব ইন্ডাষ্ট্রিজ (বিসিআই), বাংলাদেশ উইমেন চেম্বার অব ইন্ডাষ্ট্রিজ (বিডব্লিউআই), বিজিএমইএ, বিকেএমইএ এবং বাংলাদেশ লেদার এন্ড ফুটওয়্যার অ্যাসোসিয়েশনকে চিঠি দেওয়া হয়েছে এবং মৌখিক আলোচনা চলছে। সভায় নতুন নতুন প্রতিষ্ঠানের সাথে সমঝোতা স্মারক স্বাক্ষরের জন্য আলোচনা চলমান রয়েছে মর্মে জানান। সভাপতি গত ০৭/১১/২০১৯ তারিখের পর প্রস্তাবিত প্রতিষ্ঠানসমূহের সাথে আর কোন সমঝোতা স্মারক স্বাক্ষরিত হয় নি কেন জানতে চান। এ প্রেক্ষিতে নাসিবের সভাপতি জনাব মির্জা নুরুল গনী শোভন জানান এনপিও'র সাথে নাসিবসহ বেশ কয়েকটি প্রতিষ্ঠানের ইতিমধ্যে সমঝোতা স্মারক স্বাক্ষরিত হয়েছে। তাই সভায় উপস্থাপিত ডিসিসিআই এর সাথে স্বাক্ষরিত সমঝোতা স্মারকটি প্রথম নয়। সভাপতি এনপিও'র কার্যক্রম প্রচার প্রসার ও কার্যকরী করার লক্ষ্যে এ যাবত যতগুলো MoU স্বাক্ষর হয়েছে তা ফলোআপ করার উপর গুরুত্বারোপ করেন। আগামী এক মাসের মধ্যে প্রস্তাবিত প্রতিষ্ঠানের সাথে MoU স্বাক্ষরের উদ্যোগ গ্রহণ করার নির্দেশ প্রদান করেন।	(ক)উৎপাদনশীলতা উন্নয়নে অংশগ্রহণসহ MoU স্বাক্ষরের জন্য অ্যাসোসিয়েশন ও সেক্টরভিত্তিক নতুন নতুন প্রতিষ্ঠানে প্রস্তাব প্রেরণ করতে হবে। (খ)প্রস্তাবিত প্রতিষ্ঠানসমূহের সাথে যোগাযোগ করে আগামী দুই মাসের মধ্যে MoU স্বাক্ষর করতে হবে।	পরিচালক, এনপিও
৭	**বাংলাদেশ কারিগরি শিক্ষা কারিকুলামে উৎপাদনশীলতা বিষয় অন্তর্ভুক্তকরণ**	সভায় জানানো হয় যে, এনপিও কর্তৃক প্রস্তুতকৃত Contentটি এসএসসি ও দাখিল (ভোকেশনাল) নবম-দশম শ্রেণীর কারিকুলাম ও পাঠ্যপুস্তকে "উৎপাদনশীলতার ধারণা" আত্মকর্মসংস্থান ও ব্যবসায় উদ্যোগ বইটিতে অন্তর্ভুক্তকরণের লক্ষ্যে (২০২১ সালের পাঠ্যসূচি) সংশ্লিষ্ট পান্ডুলিপি প্রকাশের জন্য শিল্প মন্ত্রণালয় হতে সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ এবং চেয়ারম্যান, জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ডকে গত ২৩/১০/২০১৯ তারিখ পুনরায় পত্র দিয়ে অনুরোধ করা হয়েছে। বিষয়টি জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড (NCTB)'র বিবেচনাধীন রয়েছে। এনপিও পরিচালক সভাকে আরো জানান যে, বাংলাদেশ কারিগরি শিক্ষা কারিকুলামের চেয়ারম্যান মহোদয়ের সাথে যোগাযোগ করেছেন এবং Content কারিকুলামে অন্তর্ভুক্তির জন্য একটি কমিটি আছে। উৎপাদনশীলতা বিষয়ক Contentটি উক্ত কমিটির সভায় উপস্থাপন করা হবে। এ প্রেক্ষিতে বিডব্লিউসিসিআই এর সভাপতি মিসেস সেলিমা আহমাদ এমপি বলেন যে, যেহেতু বাংলাদেশের সকল উপজেলায় টেকনিক্যাল ট্রেনিং ইনস্টিটিউট স্থাপন প্রক্রিয়াধীন আছে সেহেতু উৎপাদনশীলতার ধারণা বিষয়ক Contentটি কারিগরি শিক্ষা কারিকুলামে অন্তর্ভুক্ত করা হলে কারিগরী শিক্ষার্থীরা উৎপাদনশীলতা বিষয় সম্পর্কে সম্যক জ্ঞান লাভ করতে সক্ষম হবে। সভাপতি বলেন যে, বাংলাদেশ কারিগরি শিক্ষা কারিকুলামে উৎপাদনশীলতা বিষয়ক Contentটির যৌক্তিকতা ও প্রয়োজনীয়তা তুলে ধরে এনপিও পরিচালককে পুনরায় চেয়ারম্যান সাথে যোগাযোগ করার পরামর্শ প্রদান করেন।	বাংলাদেশ কারিগরি শিক্ষা কারিকুলামে উৎপাদনশীলতা বিষয়ক Contentটি অন্তর্ভুক্তকরণের লক্ষ্যে জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড (NCTB)'র সাথে যোগাযোগ অব্যাহত রাখতে হবে।	(ক) অতিরিক্ত সচিব (প্রশাসন), শিল্প মন্ত্রণালয় (খ) পরিচালক, এনপিও

৮	এনপিও'র সহায়তায় শিল্প মন্ত্রণালয় ১০(দশ) বছর মেয়াদী **National Productivity Master Plan 2021-2030** প্রণয়ন	Bangladesh National Productivity Master Plan FY 2021-2030 বাস্তবায়ন সংক্রান্ত নিম্নলিখিত কার্যক্রম গ্রহণ করা হয়েছে মর্মে এনপিও'র পরিচালক সভাকে অবহিত করেন। (১) Bangladesh National Productivity Master Plan FY2021-2030 বাস্তবায়নের জন্য গঠিত কমিটির সদস্যদের স্ব স্ব প্রতিষ্ঠান হতে মতামত সংগ্রহের পত্র প্রেরণ করা হয়েছে এবং যোগাযোগ অব্যাহত আছে। Master Plan বাস্তবায়নের অদ্যবধি সংশ্লিষ্ট কোন প্রতিষ্ঠান হতে প্রস্তাব পাওয়া যায় নি। সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের বা মতামত পাওয়া সাপেক্ষে ২০২০ এর মধ্যে খসড়া Action Plan প্রস্তুত করা হবে। (২) Bangladesh National Productivity Master Plan FY 2021-2030 বাস্তবায়ন করার জন্য Action Plan তৈরি করার জন্য গঠিত কমিটির ২য় সভা গত ১৬/০২/২০২০ তারিখে অনুষ্ঠিত হয়েছে । (৩) এনপিও শিল্প মন্ত্রণালয় কর্তৃক Bangladesh National Productivity Master Plan FY 2021-2030 বাস্তবায়নের লক্ষ্যে সংশ্লিষ্ট মন্ত্রণালয়কে নিয়ে ওয়ার্কশপ আয়োজন করার ব্যবস্থা গ্রহণ করা হচ্ছে। (৪) Bangladesh National Productivity Master Plan FY 2021-2030 সফট কপি এনপিইসি এবং এনপিসি কমিটির সদস্যদের ই-মেইল এ প্রেরণ করা হয়েছে। সভাপতি দশ বছর মেয়াদী Master Plan বাস্তবায়নের জন্য কোন কমিটি গঠন করা হয়েছে কিনা এনপিও'র পরিচালক এর নিকট জানতে চান । এনপিও পরিচালক জানান যে, শিল্প মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব (প্রশাসন)কে সভাপতি করে একটি কমিটি গঠন করা হয়েছে । Bangladesh National Productivity Master Plan FY2021-2030 বাস্তবায়নের জন্য গঠিত কমিটি আগামী জুলাই ২০২০ এর মধ্যে খসড়া Action Plan প্রস্তুতির কার্যক্রম শেষ করে পরবর্তী কার্যক্রম গ্রহণের জন্য সভাপতি নির্দেশনা প্রদান করেন । সভাপতি খসড়া Action Plan প্রস্তুতের পর সংশ্লিষ্ট মন্ত্রণালয়, বিভাগ ও সরকারি ও বেসরকারি সংস্থাকে অন্তর্ভুক্ত করা এবং আলাদা টার্গেট গ্রুপ নির্ধারণ করে Master Plan সংক্রান্ত Workshop আয়োজন করার উপর গুরুত্বারোপ করেন ।	ক) Bangladesh National Productivity Master Plan FY2021-2030 বাস্তবায়নের জন্য গঠিত কমিটি আগামী ৩১ জুলাই ২০২০ এর মধ্যে খসড়া Action Plan প্রস্তুতির কার্যক্রম শেষ করতে হবে। খ) Master Plan সংক্রান্ত খসড়া Action Plan প্রস্তুতের পর সংশ্লিষ্ট মন্ত্রণালয়, বিভাগ ও সরকারি ও বেসরকারি সংস্থাকে অন্তর্ভুক্ত করতে হবে এবং টার্গেট গ্রুপ নির্ধারণ করে Workshop আয়োজন করতে হবে ।	(ক) অতিরিক্ত সচিব (প্রশাসন), শিল্প মন্ত্রণালয় (খ) পরিচালক, এনপিও

৯	**ন্যাশনাল প্রোডাকটিভিটি এন্ড কোয়ালিটি এক্সিলেন্স অ্যাওয়ার্ড ২০১৯ এবং ইন্সটিটিউশনাল এপ্রিসিয়েশন অ্যাওয়ার্ড ২০১৯ প্রদান করা**	সভায় ন্যাশনাল প্রোডাকটিভিটি এন্ড কোয়ালিটি এক্সিলেন্স অ্যাওয়ার্ড এবং ইন্সটিটিউশনাল এপ্রিসিয়েশন অ্যাওয়ার্ড ২০১৯ বাস্তবায়ন সংক্রান্ত নিম্নলিখিত বিষয়সমূহ কার্যক্রম গ্রহণ করা হয় মর্মে এনপিও'র পরিচালক জানান। (ক) ন্যাশনাল প্রোডাকটিভিটি এন্ড কোয়ালিটি এক্সিলেন্স অ্যাওয়ার্ড এবং ইন্সটিটিউশনাল এপ্রিসিয়েশন অ্যাওয়ার্ড ২০১৯ এর আবেদন ফরম পূরণের উপর এনপিও এবং বিভাগীয় প্রশাসনের যৌথ উদ্যোগে বিভাগীয় পর্যায়ে ০৪ (চার)টি (রাজশাহী, খুলনা, চট্টগ্রাম এবং সিলেট) এ কর্মশালা আয়োজন করা হয়েছে। অ্যাওয়ার্ড ২০১৯ এর কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদনের লক্ষ্যে এনপিও'তে জমাকৃত আবেদন ফরমসমূহ প্রাথমিক যাচাই এর কার্যক্রম গ্রহণ করা হয়েছে। তিনি আরো জানান যে, ন্যাশনাল প্রোডাকটিভিটি এন্ড কোয়ালিটি এক্সিলেন্স অ্যাওয়ার্ড ২০১৯ এর যাবতীয় কার্যক্রম সম্পাদন করতে ৩-৪ মাস সময় লাগে। তাই আগামী সেপ্টেম্বর, ২০২০ এর আগে সম্পাদন করা সম্ভব নয়। (খ) আগামী অর্থ বছরে হতে এনপিও'র কার্যক্রম দেশব্যাপী প্রচার, প্রসার এবং সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে বিভাগ ও জেলা পর্যায়ে ন্যাশনাল প্রোডাকটিভিটি এন্ড কোয়ালিটি এক্সিলেন্স অ্যাওয়ার্ড বিষয়ক কর্মশালার আয়োজন করার উদ্যোগ করা হবে। (গ) ন্যাশনাল প্রোডাকটিভিটি এন্ড কোয়ালিটি এক্সিলেন্স অ্যাওয়ার্ড এবং ইন্সটিটিউশনাল এপ্রিসিয়েশন অ্যাওয়ার্ড ২০২০ প্রদানের লক্ষ্যে অ্যাওয়ার্ডের আবেদন ফরম স্থানীয় ট্রেডবডি ও জেলা প্রশাসকের কার্যালয় হতে সংগ্রহ করার ব্যাপারে কার্যক্রম গ্রহণ করা হবে। নাসিবের সভাপতি জনাব মির্জা নুরূল গণি শোভন বলেন, এনপিও'র কার্যক্রম দেশব্যাপী প্রচার, প্রসার এবং সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে এ কর্মশালাসমূহ বাস্তবায়ন করা হয়েছে। তিনি বিভাগের পাশাপাশি জেলাসমূহে আগামীতেও এ ধরণের কর্মশালা আয়োজন করার উপর সভাপতির দৃষ্টি আকর্ষণ করেন। সভাপতি ন্যাশনাল প্রোডাকটিভিটি এন্ড কোয়ালিটি এক্সিলেন্স অ্যাওয়ার্ড এবং ইন্সটিটিউশনাল এপ্রিসিয়েশন অ্যাওয়ার্ড ২০১৯ প্রদানের কার্যক্রম চূড়ান্ত করে প্রয়োজনে জেলা প্রশাসকের কার্যালয়ে প্রেরণ করার উদ্যোগ গ্রহণ করার উপর মতামত ব্যক্ত করেন।	ক) এনপিও, শিল্প মন্ত্রণালয় কর্তৃক ন্যাশনাল প্রোডাকটিভিটি এন্ড কোয়ালিটি এক্সিলেন্স অ্যাওয়ার্ড এবং ইন্সটিটিউশনাল এপ্রিসিয়েশন অ্যাওয়ার্ড ২০১৯ আগামী ৩০ সেপ্টেম্বর ২০২০ এর মধ্যে প্রদানের লক্ষ্যে কার্যক্রম গ্রহণ করতে হবে। খ) এনপিও'র কার্যক্রম দেশব্যাপী প্রচার, প্রসার এবং সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে বিভাগ ও জেলা পর্যায়ে ন্যাশনাল প্রোডাকটিভিটি এন্ড কোয়ালিটি এক্সিলেন্স অ্যাওয়ার্ড বিষয়ক কর্মশালার আয়োজন করতে হবে। গ) ন্যাশনাল প্রোডাকটিভিটি এন্ড কোয়ালিটি এক্সিলেন্স অ্যাওয়ার্ড এবং ইন্সটিটিউশনাল এপ্রিসিয়েশন অ্যাওয়ার্ড এর আবেদন ফরম জেলা প্রশাসকের কার্যালয় হতে সংগ্রহ করার কার্যক্রম গ্রহণ করতে হবে।	(ক) পরিচালক, এনপিও

১০	**এনপিও এর ষাণ্মাসিক জাতীয় উৎপাদনশীলতা বার্তা (এনপিও বার্তা) প্রকাশ**	এনপিও পরিচালক ষাণ্মাসিক জাতীয় উৎপাদনশীলতা বার্তা (এনপিও বার্তা)'র ৫ম সংখ্যা চূড়ান্ত মুদ্রণের অপেক্ষায় আছে এবং উৎপাদনশীলতা বিষয়ে বিভিন্ন লেখাসহ নিয়মিতভাবে ষাণ্মাসিক এনপিও বার্তার ৬ষ্ঠ সংখ্যা বাংলা এবং ইংরেজীতে প্রকাশ করার প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করা হচ্ছে মর্মে সভাকে জানান। সভাপতি এনপিও'র ষাণ্মাসিক জাতীয় উৎপাদনশীলতা বার্তায় (এনপিও বার্তা) সমাজের গুণিজন, বিশিষ্ট শিক্ষাবিদ, উৎপাদনশীলতার বিষয়ের সাথে সম্পর্কিত বিশ্ববিদ্যালয়ের শিক্ষক, পেশাজীবি ব্যক্তিবর্গ ও সাংবাদিকগণের নিকট হতে নিয়মিত লেখা আহবান করা এবং মান সম্পন্ন মনোরম প্রচ্ছদ সম্বলিত প্রকাশনা প্রকাশ করার পরামর্শ প্রদান করেন। শিল্প মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব (স্বস ও আস) মিজ পরাগ বলেন যে, এনপিও যেহেতু এশিয়ান প্রোডাকটিভিটি অর্গানাইজেশন (এপিও)'র ফোকাল পয়েন্ট হিসেবে কাজ করে সেহেতু এনপিও'র প্রকাশনা বাংলার পাশাপাশি ইংরেজিতে মুদ্রণ করা প্রয়োজন। সভাপতি এনপিও বার্তা'র ৬ষ্ঠ সংখ্যা বাংলা ও ইংরেজীতে দ্রুততম সময়ের মধ্যে মুদ্রণের উপর গুরুত্বারোপ করেন।	ক) ষাণ্মাসিক জাতীয় উৎপাদনশীলতা বার্তায় (এনপিও বার্তা) সমাজের গুণিজন, বিশিষ্ট শিক্ষাবিদ, উৎপাদনশীলতার বিষয়ের সাথে সম্পর্কিত বিশ্ববিদ্যালয়ের শিক্ষক, পেশাজীবি ব্যক্তিবর্গ ও সাংবাদিকগণের নিকট হতে লেখা আহবান করতে হবে। খ)এনপিও বার্তা'র ৫ম ও ৬ষ্ঠ সংখ্যা দ্রুততম সময়ের মধ্যে মুদ্রণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।	পরিচালক, এনপিও
১১	**ন্যাশনাল প্রোডাকটিভিটি অর্গানাইজেশন (এনপিও) এর সার্বিক কর্মকান্ডের তথ্যাদি বিষয়ক**	সভায় ন্যাশনাল প্রোডাকটিভিটি অর্গানাইজেশন (এনপিও) এর সার্বিক কর্মকান্ডের তথ্যাদি বিষয়ে নিম্নলিখিত কার্যক্রম গ্রহণ করা হয়েছে মর্মে এনপিও'র পরিচালক সভাকে অবহিত করেন। **ক) এনপিও'র প্রশিক্ষণ পরবর্তী গবেষণা :** **"Effectiveness of Productivity Improvement Training Program of NPO"** শীর্ষক গবেষণার জন্য ঢাকা বিশ্ববিদ্যালয়ের ফলিত রসায়ন বিভাগের প্রফেসর ড. জাহাঙ্গীর আলম এর সাথে চুক্তি স্বাক্ষর করা হয়েছে। ইতোমধ্যে প্রশ্নপত্র প্রণয়ন করা হয়েছে এবং ডাটা সংগ্রহের কাজ শুরু হয়েছে। কোভিড-১৯ (করোনা) ভাইরাস সংক্রমন ঝুঁকির কারনে ডাটা সংগ্রহের কাজ স্থগিত রয়েছে এবং গবেষণাটির বিষয়ে প্রফেসর ড. জাহাঙ্গীর আলম এর সাথে যোগাযোগ অব্যাহত আছে। **খ) চামড়া শিল্পের উপর গবেষণা :** বাংলাদেশ লেদার সেক্টরে **" Bangladesh Leather Sector- Condition Challenges and Strategies"** শীর্ষক গবেষণার জন্য সাবেক সচিব ড. প্রশান্ত কুমার রায় এর সাথে চুক্তি স্বাক্ষর করা হয়েছে। ইতোমধ্যে প্রশ্নপত্র প্রণয়ন করা হয়েছে এবং ডাটা সংগ্রহের কাজ শুরু হয়েছে। মে ২০২০ সালে গবেষণা কার্যক্রম শেষ করার চুক্তি হয়েছিল। কোভিড-১৯ (করোনা) ভাইরাস সংক্রমন ঝুঁকির কারনে ডাটা সংগ্রহের কাজ বন্ধ রয়েছে। ভাইরাস পরবর্তী গবেষণা কার্যক্রম পরিচালনা করার জন্য ড. প্রশান্ত কুমার রায় এর সাথে যোগাযোগ অব্যাহত আছে। **(গ) বাংলাদেশ চিনি ও খাদ্য শিল্প কর্পোরেশন :** বাংলাদেশ চিনি ও খাদ্য শিল্প কর্পোরেশনের আওতাধীন ৩টি চিনিকল (রাজশাহী সুগার মিলস লিঃ, নাটোর সুগার মিলস লিঃ ও নর্থ বেঙ্গল সুগার মিল) এ **Material Flow Cost Accounting (MFCA)** বাস্তবায়নের	(ক)এনপিও'র প্রশিক্ষণ পরবর্তী গবেষণা এবং চামড়া শিল্পের উপর গবেষণাটি দ্রুত সময়ে শেষ করতে হবে। (খ) বাংলাদেশ চিনি ও খাদ্য শিল্প কর্পোরেশনের আওতাধীন উক্ত ৩টি প্রতিষ্ঠানে MFCA পরবর্তী ধাপসমূহ বাস্তবায়নে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে।	(ক) পরিচালক, এনপিও খ)চেয়ারম্যান, বাংলাদেশ চিনি ও খাদ্য শিল্প কর্পোরেশন (গ)চেয়ারম্যান, বাংলাদেশ ইস্পাত ও প্রকৌশল কর্পোরেশন

		লক্ষ্যে এপিও কর্তৃক **Mr. Wichai Chattinnawat** কে নিয়োগ করা হয়েছে । এপিও কর্তৃক নির্ধারিত কনসালটেন্ট প্রথম ধাপে (**Diagnostic Consultation** ও **Overall Planning**) গত ২৬ জানুয়ারি, ২০২০ হতে ০২ ফেব্রুয়ারি ২০২০ তারিখে ০৩টি প্রতিষ্ঠান পরিদর্শন করেন। পরবর্তীতে আরোও ০৪টি ধাপে **MFCA** বাস্তবায়ন সম্পন্ন করার পরিকল্পনা গ্রহণ করা হয়েছিল। কিন্তু কোভিড-১৯ (করোনা) ভাইরাস সংক্রমন ঝুঁর্কির কারনে বিদেশী কনসালটেন্ট আসতে না পারায় পরবর্তী ধাপসমূহ বাস্তবায়ন করা সম্ভব হচ্ছে না। **বাংলাদেশ ইস্পাত ও প্রকৌশল কর্পোরেশনের বিভিন্ন প্রতিষ্ঠানে Material Flow Cost Accounting (MFCA) বাস্তবায়ন :** বিএসইসি'র **চেয়ারম্যান সভাকে অবহিত করেন যে, ১৯তম সভার** সিদ্ধান্ত অনুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য **বিএসইসি এর** আওতাধীন শিল্প প্রতিষ্ঠানসমূহকে নির্দেশনা দেওয়া হয়েছে মর্মে এনপিওকে **পত্র দ্বারা অবহিত করা হয়েছে**। তিনি উল্লেখ্য করেন, বিএসইসি'র আওতাধীন শিল্প প্রতিষ্ঠানসমূহের পণ্য উৎপাদন সংশ্লিষ্ট Material Cost, System Cost, Energy Cost, Wastage Cost পরিমাপ করা হয় এবং তদনুযায়ী ব্যবস্থা গ্রহন করা হয়। সভাপতি MFCA বিষয়টি সভায় আলোচনার জন্য এনপিও'র পরিচালককে অনুরোধ করেন। এ প্রেক্ষিতে এনপিও'র পরিচালক সভাকে জানান যে, উৎপাদনশীলতা উন্নয়নের MFCA পদ্ধতিটি অনুসরন করা হলে উৎপাদনের উপকরণ সমূহের মধ্যে Material Cost, System Cost, Energy Cost এবং Wastage Cost কী পরিমাণ হয় তা পরিমাপ করা হয় । সভাপতি বাংলাদেশ চিনি ও খাদ্য শিল্প কর্পোরেশন এর আওতাধীন উল্লেখিত ০৩টি প্রতিষ্ঠানের পাশাপাশি অন্যান্য প্রতিষ্ঠানের কর্মকর্তাদের এ ব্যাপারে জ্ঞান অর্জন করার উপর গুরুত্বারোপ করেন । কোভিড-১৯ (করোনা) ভাইরাস পরবর্তীতে এপিও'র সাথে যোগাযোগ করে MFCA পরবর্তী ধাপসমূহ বাস্তবায়নের উদ্যোগ গ্রহণ করার পরামর্শ প্রদান করেন ।	(গ) বাংলাদেশ ইস্পাত ও প্রকৌশল কর্পোরেশনের নিয়ন্ত্রণাধীন প্রতিষ্ঠানে MFCA বাস্তবায়ন করতে হবে।	
১২	**কৃষি, সেবা ও শিল্প সেক্টরের উৎপাদনশীলতা লেভেল নির্ধারণ**	এনপিও পরিচালক সভাকে অবহিত করেন যে, এনপিও'র চলমান কার্যক্রমের পাশাপাশি কৃষি, সেবা ও শিল্প সেক্টরের উৎপাদনশীলতার লেভেল নির্ধারণের জন্য বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো (বিবিএস) কর্তৃক পরবর্তী Labour Force Survey প্রকাশের পর পরিচালনা করা হবে। সভায় উপস্থিত বাংলাদেশ ইস্পাত ও প্রকৌশল শিল্প কর্পোরেশনের পরিচালক জনাব মোঃ আমিনুর রহমান সভাকে অবহিত করেন যে, আমার জানামতে, Labour Force Survey প্রতি বছর প্রকাশের বিধান থাকলেও ২০১৭ সালের পর আর কোন Labour Force Survey প্রকাশ করা হয় নাই। সভাপতি, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো (বিবিএস) কর্তৃক ২০১৭ সালে প্রকাশিত Labour Force Survey দ্বারা কৃষি, সেবা ও শিল্প সেক্টরের উৎপাদনশীলতা লেভেল নির্ধারণের কার্যক্রম গ্রহণ করার উপর গুরুত্বারোপ করেন।	এনপিও'র চলমান কার্যক্রমের পাশাপাশি কৃষি, সেবা ও শিল্প সেক্টরের উৎপাদনশীলতার লেভেল নির্ধারণের জন্য ২০১৭ সালে প্রকাশিত Labour Force Survey দ্বারা সমীক্ষা পরিচালনা করতে হবে ।	পরিচালক, এনপিও

১৩	উৎপাদনশীলতা সম্পর্কে ধারণা সম্প্রসারণের জন্য উৎপাদনশীলতা বিষয়ক সেমিনার, কর্মশালা, আলোচনা সভা আয়োজন	সভায় জানানো হয় যে, উৎপাদনশীলতা আন্দোলনকে অধিক মাত্রায় বেগবান করার লক্ষ্যে বাংলাদেশ টেলিভিশন (বিটিভি) এ উৎপাদনশীলতা উন্নয়ন বিষয়ক নিয়মিত প্রোগ্রাম চালু করা এবং প্রামাণ্য চিত্র সম্প্রচারের জন্য মহাপরিচালক, বাংলাদেশ টেলিভিশনকে পত্র প্রেরণ করা হয়েছে । সভাপতি উৎপাদনশীলতা আন্দোলনকে অধিক মাত্রায় বেগবান করার লক্ষ্যে বাংলাদেশ টেলিভিশনসহ বেসরকারী টিভি চ্যানেলসমূহে উৎপাদনশীলতা উন্নয়ন বিষয়ক নিয়মিত প্রোগ্রাম চালু করা এবং প্রামাণ্য চিত্র সম্প্রচারের জন্য তথ্য মন্ত্রণালয়ের সচিব বরাবর পত্র প্রেরণের জন্য এনপিও'র পরিচালককে পরামর্শ প্রদান করেন ।	সরকারি ও বেসরকারি টিভি চ্যানেলসমূহে উৎপাদনশীলতা উন্নয়ন বিষয়ক নিয়মিত প্রোগ্রাম এবং প্রামাণ্য চিত্র সম্প্রচারের জন্য তথ্য মন্ত্রণালয়ের সচিব বরাবর পত্র প্রেরণ করতে হবে।	পরিচালক, এনপিও
১৪	কোভিড-১৯ (করোনা) ভাইরাস পরবর্তী পরিস্থিতিতে এনপিও'র কার্যক্রম গতিশীল করা প্রসঙ্গে	কোভিড-১৯ পরবর্তী পরিস্থিতিতে এনপিও'র কার্যক্রম গতিশীলকরণ প্রসঙ্গে নাসিব'র সভাপতি জনাব মির্জা নূরুল গণি শোভন (সিআইপি), বিডব্লিউসিসিআই'র সভাপতি বেগম সেলিমা আহমেদ এম.পি এবং বিসিআই'র পরিচালক প্রীতি চক্রবর্তীসহ অনেকেই আলোচনায় অংশগ্রহণ করেন। বেগম সেলিমা আহমেদ এম.পি বলেন যে, কোভিড-১৯ পৃথিবীর মানুষের কিছু সমস্যা সৃষ্টি করলেও এর পাশাপাশি কিছু সুবিধাও সৃষ্টি করেছে। এ সুবিধাসমূহ কাজে লাগাতে পারলে দেশের অর্থনৈতিক উন্নয়ন করা সম্ভব হবে। নাসিব'র সভাপতি জনাব মির্জা নূরুল গণি শোভন (সিআইপি) বলেন, কোভিড-১৯ মোকাবেলায় ক্ষুদ্র ও মাঝারি শিল্পকে ঋণ সুবিধা প্রদান করা ও বাংলাদেশ সরকারের আর্থিক প্রণোদনা প্রদানের জন্য সরকারকে সাধুবাদ জানাই। ক্ষুদ্র ও মাঝারি শিল্পের পাশাপাশি শিল্প প্রতিষ্ঠানে কর্মরত শ্রমিকদের পাশাপাশি Informal সেক্টরকেও বিবেচনায় আনার জন্য অনুরোধ করেন। বিসিআই'র পরিচালক মিজ প্রীতি চক্রবর্তী বলেন, কোভিড-১৯ ভাইরাসের সংক্রমণ মোকাবেলায় শিল্প প্রতিষ্ঠানে নিয়োজিত জনবলের স্বাস্থ্য সুরক্ষার বিষয়ে সচেতনতামূলক কার্যক্রম গ্রহণ করার মাধ্যমে ভবিষ্যতে এ ধরণের অন্য কোন প্রাকৃতিক দুর্যোগ বা মহামারি সৃষ্টি হলে তা থেকে কিভাবে পরিত্রাণ পাওয়া যায় এ ব্যাপারে এনপিও'র বিভিন্ন নিয়মিত কর্মকান্ডের পাশাপাশি Occupational Safety and Health (OSH) systems এর উপর কার্যক্রম গ্রহণ করার ব্যাপারে গুরুত্বারোপ করেন। সভাপতি এনপিইসি'র ২০তম সভায় কোভিড-১৯ পরবর্তী পরিস্থিতিতে এনপিও'র কার্যক্রম গতিশীলকরণের উপর আলোচনার সুযোগ রাখার জন্য এনপিও'কে ধন্যবাদ জানায়। তিনি আরও বলেন যে, কোভিড-১৯ সারা পৃথিবী ব্যাপী মহামারি আকার ধারণ করলেও এর পাশাপাশি কিছু নতুন সুযোগ সৃষ্টি করেছে। এনপিও'কে কোভিড-১৯ ক্ষতি এবং সুযোগ খুঁজে বের করে প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করার পরামর্শ প্রদান করেন।	কোভিড-১৯ ক্ষতি এবং সুযোগ খুঁজে বের করে প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করতে হবে।	এনপিও, পরিচালক

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সদস্যদেরকে গুরুত্বপূর্ণ মতামত প্রদান ও আলোচনায় অংশগ্রহণ করার জন্য ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন ।

(কে এম আলী আজম)
সচিব, শিল্প মন্ত্রণালয়
ও
সভাপতি
জাতীয় উৎপাদনশীলতা কার্যনির্বাহী কমিটি (এনপিইসি)

Participants (25)

Find a participant

AMINUL ISLAM (Me)

System Analyst, Ministry ... (Host)

DN Director NPO

IS Industry Secretary

P Parag Huq

AR Aminur Rahman

B BTMC

CB Chairman, BSEC

CB Chairman, BSFIC

FP Faisal, PS 2 Secy, MoInd

FB fatama begum

I iPhone

J Joha

MA Md Abdur Rauf

Activate Windows
Go to Settings to activate Windows.

জাতীয় উৎপাদনশীলতা কার্যনির্বাহী কমিটির সদস্যগণের তালিকাঃ

ক্রমিক নং	প্রতিষ্ঠানের ঠিকানা	টেলিফোন নাম্বার	ফ্যাক্স নাম্বার	ই-মেইল ঠিকানা
০১।	সচিব, শিল্প মন্ত্রণালয়, ৯১ মতিঝিল বা/এ, ঢাকা ।	৯৫৬৭০২৪		
০২।	চেয়ারম্যান বাংলাদেশ কেমিক্যাল ইন্ডাষ্ট্রিজ কর্পোরেশন বিসিআইসি ভবন ৩০-৩১ দিলকুশা বা/এ, ঢাকা ।	02-9564153 ৯৫৬৪১৫৩ ৯৫৬১১৬৭	০২-৯৫৬৪১২০	secretary@bcic.gov bd>
০৩।	চেয়ারম্যান বাংলাদেশ ইস্পাত ও প্রকৌশল . কর্পোরেশন, বিএসইসি ভবন কাওরান বাজার, ঢাকা ।	৮১৮৯৬৪১	৮১৮৯৬৪২	dir- finance@bsec.gov.b d
০৪।	চেয়ারম্যান বাংলাদেশ ক্ষুদ্র ও কুটির শিল্প কর্পোরেশন ১৩৬-১৩৭, মতিঝিল, ঢাকা ।	৯৫৬৫৬১২		chairman@bscic.go .bd
০৫।	চেয়ারম্যান বাংলাদেশ পাটকল কর্পোরেশন আদমজী কোর্ট (৪র্থ তলা) মতিঝিল বা/এ, ঢাকা।	৯৫৫৩৩৬৪	৯৫৬৪৭৪০, ৯৫৬৭৫০৮	bjmc.bd@g mail.com
০৬।	চেয়ারম্যান, বাংলাদেশ বস্ত্রকল কর্পোরেশন বি টি এম সি ভবন ৭-৯ কাওরান বাজার ।	সচিব জনাব কাজী ফিরোজ হোসেন ০১৭৮১১৮০৬৫৬	৮১১৪৬০০	btmcho@g mail.com
০৭।	চেয়ারম্যান, বাংলাদেশ চিনি ও খাদ্য শিল্প কর্পোরেশন, চিনি শিল্প ভবন ,৩, দিলকুশা বা/এ, ঢাকা ।	৯৫৬৫৮৬৯		
০৮।	অতিরিক্ত সচিব (প্র)/যুগ্ম-সচিব (প্রশাসন-২), শিল্প মন্ত্রণালয়, ঢাকা ।	৯৫৫১২৮৫		

বাংলাদেশ চেম্বার অব ইন্ডাস্ট্রিজ

০৯।	সভাপতি ফেডারেশন অব বাংলাদেশ চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রিজ , ৬০, মতিঝিল বা/এ, ঢাকা ।	৯৫৬০৫৮৯ ০১৭৫৫৫৬৭৪৪৫		fbcci@bol.online.com nadim.fbcci@gmail.com
১০।	সভাপতি বাংলাদেশ চেম্বার অব ইন্ডাস্ট্রিজ, প্রধান চেম্বার বিল্ডিং , ১২২-১২৪, মতিঝিল বা/এ,ঢাকা।	৯৫৬৫২০৮-১০		sg@mccibd.org
১১।	সভাপতি প্রধান কার্যালয় বাংলাদেশ চেম্বার এন্ড ইন্ডাস্ট্রি , বিসিআইসি ভবন ৩০-৩১, দিলকুশা বা/এ, ঢাকা ।	৯৫৫১৬৬৯ ৯৫৬৯৬০১		bci.bci85@gmail.com
১২।	সভাপতি মেট্রোপলিটন চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রিজ, চেম্বার বিল্ডিং,১২২-১২৪, মতিঝিল বা/এ, ঢাকা ।	৯৫৬৫২০৮-১০		sg@mccibd.org
১৩।	সভাপতি ঢাকা চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রিজ, ৬৫-৬৬, মতিঝিল বা/এ, ঢাকা ।	৯৫৫২৫৬২ ০১৯১১২৯৭৮৮৪		info@dhakachamber.com ps@dhakachamber.com
১৪।	সভাপতি জাতীয় ক্ষুদ্র ও কুটির শিল্প সমিতি,বাংলাদেশ (নাসিব) মেজবাহ উদ্দীন প্লাজা (৭ম তলা) ৯১, নিউ সার্কুলার রোড, ঢাকা ।	৮৩২২৭০৯, ০১৫৫২-৩৬৪৭৩৫		nascibbd@gmail.com
১৫।	সভাপতি, বাংলাদেশ গার্মেন্টস ম্যানুফ্যাকচারিং এন্ড এক্সপোর্টারস এসোসিয়েশন, বিজিএমইএ কমপ্লেক্স, ৭/৭এ, সেক্টর-১৭ , ব্লক-এইচ ওয়ান, উত্তরা, ঢাকা।	৯১৩৭৫০৫		Email: info@bgmea.com.bd

১৬।	সভাপতি বাংলাদেশ উইমেন চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রি (বিডব্লিউসিসিআই), প্লট-২ (২য় এবং ৩য় তলা), রোড নং-২৩/সি, গুলশান-১, ঢাকা-১২১২।	৫২-৯৮৬১৫২৬		womencha mber@bwc ci-bd.org womencha mber.offic e@gmail.c m
১৭।	প্রেসিডেন্ট এপিও সোসাইটি ফর বাংলাদেশ, মেজবাহ উদ্দীন প্লাজা (৭ম তলা) ৯১, নিউ সার্কুলার রোড, ঢাকা।	৮১৪৩২৫৫, ০১৯১১৩৫৯৮০১		nascibbd@ gmail.com
১৮।	সভাপতি জাতীয় শ্রমিক লীগ, ২৩, বি,বি এভিনিউ, ঢাকা।	৭৬৯৪৫৯৫ ০১৭১৬৪৫৮৫৫৯		
১৯।	সভাপতি জাতীয় শ্রমিক পার্টি, ৬৬ পাইনিয়ার রোড, কাকরাইল, ঢাকা।	০১৭৫৯৬৯৩৮৯৩		
২০।	সভাপতি বাংলাদেশ ট্রেড ইউনিয়ন কেন্দ্র, ২৩/২, তোপখানা রোড (৪র্থ তলা), ঢাকা।	০১৭১১২৪০০৩০		shikha_ tuc@yahoo .com
২১।	ব্যবস্থাপনা পরিচালক, এসএমই ফাউন্ডেশন, রয়েল টাওয়ার ৪, পান্থপথ, ঢাকা-১২১৫।	৯৫৬২৮৮৩	৮০৫৪১২০	ashim@sm ef.org.bd